

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/২৪৪

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি


বিষয়: ১০১৮তম জরুরি কমিশন সভা।

বিএসইসি'র চেয়ারম্যান জনাব মাসুদ খান এর সভাপতিত্বে ১০১৮তম জরুরি কমিশন সভা গত ৩০/০৬/২০২৬ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১। ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি-এর সংশ্লিষ্ট প্রবিধানমালা মোতাবেক সার্কিট-ব্রেকার সীমাসহ বাজার নিয়ন্ত্রণের মাপকাঠি (Market Control Parameters) নির্ধারণ ও বাস্তবায়নের এখতিয়ার থাকায়, প্রযোজ্য প্রবিধানমালা, নীতিমালা (policy) ও কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয়তা (operational requirements) অনুযায়ী উক্ত মাপকাঠি স্বাধীনভাবে নির্ধারণ ও বাস্তবায়নের জন্য স্টক এক্সচেঞ্জদ্বয়কে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে ১৭ জুন, ২০২১ তারিখে ইস্যুকৃত কমিশনের Order No. BSEC/Surveillance/2020-975/219 বাতিল (repeal) করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। বে-মেয়াদী মিউচুয়াল ফান্ডের ক্ষেত্রে ট্রাস্টি চাইলে সম্পদ ব্যবস্থাপকের প্রস্তাবের ভিত্তিতে বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থ বিবেচনায় অর্থবছর শেষে বে-মেয়াদী মিউচুয়াল ফান্ডের অর্জিত আয় ডিভিডেন্ড আকারে বণ্টন না করেও ফান্ডে পুনঃবিনিয়োগ এর অনুমোদন দিতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে



মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র